গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৩৫৭

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ / ২৪ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ছোট-বড় বিভিন্ন প্রজাতির ৪০ (চল্লিশ) টি গাছ নিলামে বিক্রয়, কর্তন ও অপসারণের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: বাগেরহাট টিএসসির স্মারক নং-৫৭.০৩.০১০৮.৫০১.৯৯.০০১.২৬-১৯৩৪, তারিখঃ ০৮/০৯/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে"কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অভ্যন্তরে ৫০০কেভিএ বৈদ্যুতিক সাব ষ্টেশন স্থাপন স্থানে ও পুরাতন ভবনে যাতায়তের পথে বিভিন্ন প্রজাতির ছোট-বড় ৪০ (চল্লিশ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদনের জন্য অধ্যক্ষের নিকট হতে প্রস্তাব পাওয়া গেছে।

উক্ত প্রস্তাবের সাথে জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট কর্তৃক গাছ কর্তন ও নিলাম কমিটির সুপারিশসহ জেলা কনডেমনেশন কমিটির সভার কার্যবিবরণীর কপি সংযুক্ত রয়েছে। জেলা প্রশাসক বাগেরহাট এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কলেজের অভ্যন্তরে ৫০০কেভিএ বৈদ্যুতিক সাব ষ্টেশন স্থাপন স্থানে ও পুরাতন ভবনে যাতায়তের পথে ছোট-বড় বিভিন্ন প্রজাতির ঝুকিপূর্ণ ৪০ (চল্লিশ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের বিষয়ে সভায় সকলে একমত পোষন করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি. সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা ও জেলা প্রশাসকের পত্রের আলোকে বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ, বাগেরহাট কর্তৃক বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অভ্যন্তরে ৫০০কেভিএ বৈদ্যুতিক সাব ষ্টেশন স্থাপন স্থানে ও পুরাতন ভবনে যাতায়তের পথে বিভিন্ন প্রজাতির ছোট-বড় ৪০ (চল্লিশ) টি গাছ সরেজমিনে পরিদর্শন পূর্বক **১,৪৯,৩২২/- (এক লক্ষ উনপঞ্চাশ হাজার তিন শত বাইশ)** টাকা প্রাক্কলিত মূল্য নির্ধারণ করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি: তারিখের এ সংক্রান্ত পরিপত্র অনুযায়ী প্রস্তাবিত ৫০০কেভিএ বৈদ্যুতিক সাব ষ্টেশন স্থাপন স্থানে ও পুরাতন ভবনে যাতায়তের পথে ছোট-বড় বিভিন্ন প্রজাতির ঝুকিপূর্ণ ৪০ (চল্লিশ) টি গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/০২/২০০৩খ্রি. তারিখে জারীকৃত এ সংক্রান্ত পরিপত্র যথাযথ অনুসরণ করে পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-০৯-২০২৬
মোঃ রেজাউল হক
পরিচালক ভোকেশনাল

অধ্যক্ষ
বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বাগেরহাট।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৩৫৭/১ (৪)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ / ২৪ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সংশ্লিষ্ট নথি।

২৪-০৯-২০২৬
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক